শৃঙ্খলা                    নিরাপত্তা                    প্রগতি

“জননিরাপত্তা বিধান ও সেবার মহান ব্রত নিয়ে বাংলাদেশ পুলিশে যোগ দিন”

# পুলিশ সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) পদে নিয়োগ বিজ্ঞপ্তি ২০১৯

বাংলাদেশ পুলিশ বাহিনীর বহিরাগত ক্যাডেট সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র)-এর প্রকৃত শূন্যপদের বিপরীতে নিয়োগের জন্য উপযুক্ত আগ্রহী প্রার্থীদের শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষাসহ লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিজ্ঞপ্তিতে বর্ণিত স্থান, তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য আহ্বান করা যাচ্ছে-

**বহিরাগত ক্যাডেট সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) পদে নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার আর্থিক লেনদেনে জড়িত হবেন না। আর্থিক লেনদেনে জড়িত থাকার কোনো অভিযোগ প্রমাণিত হলে নিয়োগ বাতিল করা হবে।**

## ১। প্রার্থীর যোগ্যতা :

**ক. বয়স :**

(অ) সাধারণ/অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে ১ এপ্রিল ২০১৯ তারিখে বয়স ১৯ হতে ২৭ বছর হতে হবে (জন্মতারিখ সর্বনিম্ন ২ এপ্রিল ২০০০ হতে সর্বোচ্চ ২ এপ্রিল ১৯৯২ পর্যন্ত)।

(আ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ১ এপ্রিল ২০১৯ তারিখে বয়স ১৯ হতে ৩২ বছর হতে হবে (জন্মতারিখ সর্বনিম্ন ২ এপ্রিল ২০০০ হতে সর্বোচ্চ ২ এপ্রিল ১৯৮৭ পর্যন্ত)। তবে মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে ১ এপ্রিল ২০১৯ তারিখে বয়স ১৯ হতে ২৭ বছর হতে হবে (জন্মতারিখ সর্বনিম্ন ২ এপ্রিল ২০০০ হতে সর্বোচ্চ ২ এপ্রিল ১৯৯২ পর্যন্ত)।

উল্লেখ্য, এসএসসি/সমমানের সার্টিফিকেটে বর্ণিত জন্মতারিখই চূড়ান্ত বলে গণ্য হবে। বয়স গণনার ক্ষেত্রে কোনো অ্যাফিডেভিট গ্রহণযোগ্য নহে।

**খ. শিক্ষাগত যোগ্যতা :** অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রির অধিকারী এবং কম্পিউটারে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

**গ. শারীরিক যোগ্যতা :**

(অ) পুরুষ প্রার্থীর (সকল) উচ্চতা : কমপক্ষে ৫´-৪´´ বা ১.৬২৫৬ মিটার এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৩০´´ বা ০.৭৬২০ মিটার এবং সম্প্রসারিত অবস্থায় ৩২´´ বা ০.৮১২৮ মিটার হতে হবে।

(আ) নারী প্রার্থীর (সকল) উচ্চতা : কমপক্ষে ৫´-২´´ বা ১.৫৭৪৮ মিটার।

(ই) ওজন : বয়স ও উচ্চতার সাথে ওজন অনুমোদিত পরিমাপের হতে হবে (বডি মাস ইনডেক্স অনুযায়ী)।

**ঘ. জাতীয়তা :** প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী (পুরুষ/নারী) নাগরিক হতে হবে।

**ঙ. বৈবাহিক অবস্থা :** অবশ্যই অবিবাহিত হতে হবে (তালাকপ্রাপ্ত/তালাকপ্রাপ্তা নহে) এবং শিক্ষানবিশকাল শেষ না হওয়া পর্যন্ত অবশ্যই প্রার্থীকে অবিবাহিত থাকতে হবে।

## ২। শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষা :

বিধি মোতাবেক শারীরিক মাপে উপযুক্ত কোনো প্রার্থীর প্রয়োজনীয় কাগজপত্রাদি যাচাইঅন্তে প্রাথমিকভাবে সঠিক প্রতীয়মান হলে উক্ত প্রার্থীকে শারীরিক পরীক্ষায় (দৌড়, জাম্পিং ও রোপ ক্লাইমিং) অংশগ্রহণ করতে হবে।

## ৩। শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় :

| ক্রম | রেঞ্জ/বিভাগ | শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষার নির্ধারিত তারিখ (সকাল ৯.০০ টা) ও জেলা | | | শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষার স্থান |
|---|---|---|---|---|---|
| | | ২৮ এপ্রিল ২০১৯ | ২৯ এপ্রিল ২০১৯ | ৩০ এপ্রিল ২০১৯ | |
| ১. | ঢাকা | ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ ও শরীয়তপুর | কিশোরগঞ্জ, নরসিংদী, গাজীপুর ও গোপালগঞ্জ | টাঙ্গাইল, মানিকগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী ও মাদারীপুর | ঢাকা জেলা পুলিশ লাইনস্ মিলব্যারাক, ঢাকা |
| ২. | ময়মনসিংহ | ময়মনসিংহ ও শেরপুর | জামালপুর ও নেত্রকোণা | - | ময়মনসিংহ জেলা পুলিশ লাইনস্ ময়মনসিংহ |
| ৩. | চট্টগ্রাম | চট্টগ্রাম, কুমিল্লা ও ফেনী | নোয়াখালী, চাঁদপুর, লক্ষ্মীপুর ও বি-বাড়িয়া | রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি ও কক্সবাজার | সিএমপি পুলিশ লাইনস্ চট্টগ্রাম |
| ৪. | রাজশাহী | রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও জয়পুরহাট | বগুড়া, নওগাঁ ও নাটোর | পাবনা ও সিরাজগঞ্জ | রাজশাহী জেলা পুলিশ লাইনস্ রাজশাহী |
| ৫. | রংপুর | রংপুর, কুড়িগ্রাম ও পঞ্চগড় | লালমনিরহাট, নীলফামারী ও ঠাকুরগাঁও | দিনাজপুর ও গাইবান্ধা | রংপুর জেলা পুলিশ লাইনস্ রংপুর |
| ৬. | খুলনা | খুলনা, বাগেরহাট, চুয়াডাঙ্গা ও মেহেরপুর | সাতক্ষীরা, যশোর ও নড়াইল | কুষ্টিয়া, ঝিনাইদহ ও মাগুরা | পুলিশ ট্রেনিং সেন্টার (পিটিসি) খুলনা |
| ৭. | বরিশাল | বরিশাল ও বরগুনা | পিরোজপুর ও পটুয়াখালী | ঝালকাঠি ও ভোলা | বরিশাল জেলা পুলিশ লাইনস্ বরিশাল |
| ৮. | সিলেট | সিলেট ও মৌলভীবাজার | হবিগঞ্জ ও সুনামগঞ্জ | - | সিলেট জেলা পুলিশ লাইনস্ সিলেট |

## ৪। শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষায় অংশগ্রহণকালে প্রার্থীদের নিম্নবর্ণিত কাগজপত্রাদি সঙ্গে আনতে হবে :

ক. শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/সাময়িক সনদপত্রের মূল কপি;
খ. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি;
গ. জেলার স্থায়ী বাসিন্দা/জাতীয়তার প্রমাণস্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) এর নিকট হতে স্থায়ী নাগরিকত্বের সনদপত্রের মূল কপি;
ঘ. প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের মূল কপি, যদি না থাকে সে ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি;
ঙ. ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ৩ (তিন) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
চ. বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের বয়স প্রমার্জনের ক্ষেত্রে প্রমাণক হিসেবে লাল মুক্তিবার্তা বা ভারতীয় তালিকা অথবা গেজেট ও সাময়িক সনদ কিংবা গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) এর সনদ অথবা গেজেট, সাময়িক সনদ ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) এর সনদের মূল কপি। এ ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদের সাথে মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) মূল কপি;
ছ. বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থী হলে তিনি যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল কপি;
জ. এমএস অফিস, ইন্টারনেট ও ট্রাবলশ্যুটিং এর উপর ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণের অভিজ্ঞতা সনদপত্রের মূল কপি; এবং
ঝ. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র।

## ৫। আবেদনপত্র সংগ্রহকরণ :

শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সংশ্লিষ্ট রেঞ্জের ডিআইজি-এর নিকট হতে ঐদিনই ৩/-(তিন) টাকা নগদ মূল্য প্রদান করে আবেদনপত্রের ফরম ক্রয় করতে হবে।

## ৬। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই সংযোজন করতে হবে :

ক. ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
খ. শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি;
গ. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
ঘ. প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, যদি না থাকে সে ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
ঙ. জেলার স্থায়ী বাসিন্দা/জাতীয়তার প্রমাণস্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) এর নিকট হতে স্থায়ী নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি;
চ. এমএস অফিস, ইন্টারনেট ও ট্রাবলশ্যুটিং এর উপর ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ মেয়াদের কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্রের সত্যায়িত কপি;
ছ. প্রযোজ্য ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের বয়স প্রমার্জনের ক্ষেত্রে প্রমাণক হিসেবে দাখিলকৃত লাল মুক্তিবার্তা বা ভারতীয় তালিকা অথবা গেজেট ও সাময়িক সনদ কিংবা গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) এর সনদ অথবা গেজেট, সাময়িক সনদ ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) এর সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক সংলগ্নীর সত্যায়িত কপি;
জ. বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থী হলে তিনি যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি;











ঝ. আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট রেঞ্জের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এর অনুকূলে যে কোনো রাষ্ট্রায়ত্ত ব্যাংক হতে পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ‘১-২২১১-০০০০-২০৩১’ অথবা ‘১২২০২০১১০৫৯৫৪১৪২২৩২৬’ নম্বর পরীক্ষা ফি সংক্রান্ত কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমাপূর্বক চালানের মূল কপি; এবং
ঞ. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র।

## ৭। আবেদনপত্র জমাদানের শেষ সময় :

ক. প্রাথমিকভাবে শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ৭ মে ২০১৯ তারিখ বিকাল ৫টার মধ্যে নিজ নিজ রেঞ্জ ডিআইজি-এর কার্যালয়ে জমা প্রদান করতে হবে। উক্ত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না; এবং
খ. ডাকযোগে প্রেরিত আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে না পৌঁছালে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের কোনো সুযোগ থাকবে না। এ ক্ষেত্রে প্রার্থী নিজে দায়ী থাকবে।

## ৮। লিখিত পরীক্ষার প্রবেশপত্র :

সংশ্লিষ্ট রেঞ্জ ডিআইজিগণ প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু ও এটি যথাসময়ে প্রার্থীদের নিকট প্রেরণের ব্যবস্থা করবেন। লিখিত ও মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।

## ৯। লিখিত পরীক্ষার তারিখ, সময় ও নম্বর :

ক. শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে-

| লিখিত পরীক্ষার বিষয় | তারিখ | সময় | পূর্ণ নম্বর |
|---|---|---|---|
| ক) ইংরেজি, বাংলা রচনা ও কম্পোজিশন | ১৬ জুন ২০১৯ | সকাল ১০.০০ টা হতে ১৩.০০ টা পর্যন্ত | ১০০ নম্বর |
| খ) সাধারণ জ্ঞান ও পাটিগণিত | ১৭ জুন ২০১৯ | সকাল ১০.০০ টা হতে ১৩.০০ টা পর্যন্ত | ১০০ নম্বর |
| গ) মনস্তত্ত্ব | ১৮ জুন ২০১৯ | সকাল ১০.০০ টা হতে ১০.৩০ টা পর্যন্ত | ২৫ নম্বর |

খ. রেঞ্জ ডিআইজিগণ লিখিত পরীক্ষাকেন্দ্রের স্থান নির্ধারণ করবেন এবং প্রার্থীদের তা যথাসময়ে অবহিত করবেন।

## ১০। মৌখিক পরীক্ষা :

লিখিত ও মনস্তত্ত্ব পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হিসেবে বিবেচিত হবেন। উল্লেখ্য, মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে উত্তীর্ণ প্রার্থীদের অবহিত করা হবে।

## ১১। স্বাস্থ্য পরীক্ষা এবং ভিআর ফরম পূরণ :

প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশন (ভিআর) ফরম পূরণ করতে হবে। এ সংক্রান্ত সংশ্লিষ্ট রেঞ্জ ডিআইজিগণ কর্তৃক তারিখ, সময় ও স্থান যথাসময়ে অবহিত করা হবে।

## ১২। চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন :

নির্বাচনি বোর্ড কর্তৃক সুপারিশকৃত প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ও পুলিশ ভেরিফিকেশন (ভিআর) সফলভাবে সম্পন্নের পর মৌলিক প্রশিক্ষণ গ্রহণের জন্য চূড়ান্তভাবে মনোনীত করা হবে। তবে পুলিশ ভেরিফিকেশন ফরমে কোনো তথ্য গোপন অথবা মিথ্যা তথ্য প্রদান করলে কোনো প্রার্থীকে প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে মনোনীত করা হবে না।

## ১৩। প্রশিক্ষণ :

ক. বহিরাগত ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহীতে ১ (এক) বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;
খ. প্রশিক্ষণকালীন বিনা মূল্যে আহার, বাসস্থান, ইউনিফর্ম, চিকিৎসা সেবা প্রদান করা হবে। এ ছাড়া ১০০০/- (এক হাজার) টাকা হারে মাসিক ভাতা প্রদান করা হবে;
গ. বহিরাগত ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের মধ্যে কেউ ১ (এক) বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণ গ্রহণের জন্য নির্ধারিত তারিখে বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদায় উপস্থিত না হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচিত হবেন। এ ক্ষেত্রে পরবর্তীকালে তার উক্ত প্রশিক্ষণ গ্রহণ বা চাকরিতে প্রবেশের কোনো সুযোগ থাকবে না; এবং
ঘ. প্রশিক্ষণকালীন অথবা পরবর্তী কালে প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে প্রশিক্ষণ/চাকরি হতে বরখাস্তকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ১৪। নিয়োগ ও চাকরির সুবিধাদি :

ক. সফলভাবে মৌলিক প্রশিক্ষণ সমাপ্তির পর ২০১৫ সনের জাতীয় বেতন স্কেলের ১০ম গ্রেড : ১৬০০০-৩৮৬৪০/- টাকা তৎসহ প্রাপ্য অন্যান্য সুবিধাদি (যেমন-স্বল্প মূল্যে রেশন, বিনা মূল্যে পোশাক ও চিকিৎসা সুবিধা ইত্যাদি) প্রদানের শর্তে শিক্ষানবিশ সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র) পদে নিয়োগ প্রদান করা হবে;
খ. বিনামূল্যে পোশাক সামগ্রী, ঝুঁকি ভাতা, চিকিৎসা সুবিধা এবং নিজ ও পরিবারের নির্ধারিত সংখ্যক সদস্যদের জন্য প্রাপ্যতা অনুযায়ী পারিবারিক রেশন সামগ্রী স্বল্প মূল্যে প্রাপ্য হবেন; এবং
গ. প্রচলিত নিয়মানুযায়ী উচ্চতর পদে পদোন্নতিসহ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে যাওয়ার সুযোগ রয়েছে।

## ১৫। সাধারণ নির্দেশাবলি :

ক. কর্তৃপক্ষ সার্বিক অবস্থা বিবেচনায় নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন;
খ. নিয়োগ প্রাপ্তদেরকে যে কোনো জেলা/ইউনিটের শূন্য পদের বিপরীতে বদলি করা হলে, তারা উক্ত জেলা/ইউনিটে সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র)-এর শূন্য পদে যোগদান করতে বাধ্য থাকবেন;
গ. শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিষয়ে প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্যাদি সম্পর্কে তদন্তে কিংবা তদন্ত পরবর্তীতে কোনো বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে উক্ত প্রার্থীকে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুত/চাকরি হতে বরখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
ঘ. প্রযোজ্য ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের বয়স প্রমার্জনের ক্ষেত্রে প্রমাণক হিসেবে দাখিলকৃত কাগজপত্রাদি যাচাইঅন্তে সঠিক পাওয়া না গেলে তাদেরকে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুত/চাকরি হতে বরখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের প্রমাণক হিসেবে দাখিলকৃত দলিলাদি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে একবার জাল/ভুয়া প্রমাণিত হলে তা পুনঃযাচাইয়ের কোনো সুযোগ থাকবে না;
ঙ. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/ভুল তথ্য কিংবা মিথ্যা তথ্য সংবলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত/নিয়োগকৃত/প্রশিক্ষণরত/চাকরিরত অর্থাৎ যে কোনো পর্যায়ে কোনো প্রার্থী কর্তৃক দাখিলকৃত তথ্য মিথ্যা/ভুল/ প্রার্থীর কোনো প্রতারণা প্রমাণিত হলে তাকে নিয়োগের অযোগ্য/বহিষ্কার/চাকরিচ্যুত/বরখাস্তকরণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
চ. চাকরিতে প্রবেশকালীন প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি (বিভিন্ন সনদ/প্রত্যয়নপত্র) ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম সম্পন্নের পরে ইস্যুকৃত বা নূতনভাবে অন্য কোনো কাগজপত্রাদির ভিত্তিতে পরবর্তীতে নিয়োগ প্রদানের কোনো সুযোগ নেই;
ছ. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো প্রার্থীর নিয়োগ/আবেদনপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে; এবং
জ. প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।


**তামান্না ইয়াসমীন**
বিপি-৭৬০৩০২০৯০১
অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর জেনারেল (এআইজি)
রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১ শাখা
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।


নিয়োগ সংক্রান্ত কোনো অভিযোগ থাকলে ‘আইজিপি’স কমপ্লেইন সেল’ এর মোবাইল : +৮৮০১৭৬৯৬৯৩৫৩৫ অথবা +৮৮০১৭৬৯৬৯৩৫৩৬ বা ইমেইল : complain@police.gov.bd কিংবা ফেইসবুক : www.facebook.com/BangladeshPoliceOfficialPage এ অবহিত করুন। এক্ষেত্রে কারো বিরুদ্ধে কোনো অভিযোগ প্রমাণিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।